রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১০, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখঃ ২৬ পৌষ ১৪১৩/ ৯ জানুয়ারি ২০০৭

এস, আর, ও, নং ০১-আইন/২০০৭।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা অনুবাদ কর্মকর্তা (লেজিসলেটিভ) (আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়) নিয়োগ বিধিমালা, ২০০৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত কোন বিশ্ববিদ্যালয়;


মূল্য ঃ টাকা ৪.০০

(জ) "অনুবাদ কর্মকর্তা (লেজিসলেটিভ)" অর্থ এই বিধিমালার তফসিলে উল্লিখিত পদে কর্মরত কোন কর্মকর্তা।

**৩। বিধিমালার প্রাধান্য।**—অন্য কোন বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলী কার্যকর থাকিবে।

**৪। নিয়োগ পদ্ধতি।**—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯ (৩) অনুচ্ছেদের উদ্দেশ্যপূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করিতে হইবে, যথা—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণের মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয়।

**৫। সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন, অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে, অথবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

৬। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৭। **শিক্ষানবিস।**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে সরাসরি নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য শিক্ষানবিসের স্তরে নিয়োগদান করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে তিন বৎসরের অধিক না হয়।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে উক্ত শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাঁহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই মর্মে মনে করিলে, উক্ত কর্তৃপক্ষ শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে।

(৩) কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ, যদি—

(ক) এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে উক্ত শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে, তাঁহার চাকুরী স্থায়ী করিবে, এবং

(খ) মনে করে যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে উক্ত শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে, উক্ত শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে।

(৪) সরকার, সরকারী আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করিবে, কোন শিক্ষানবিস যদি সেই পরীক্ষায় উত্তীর্ণ না হন ও প্রশিক্ষণ গ্রহণ না করেন, তবে তাঁহাকে উক্ত নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না।

৮। **অন্তর্বর্তীকালীন বিশেষ বিধান।**—এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, The Officers and Staff (Ministry of Law and Justice) Recruitment Rules, 1985 এর অধীন—

(ক) Translation Officer পদে নিয়োগপ্রাপ্ত কমকর্তাগণ এই বিধিমালার অধীন অনুবাদ কর্মকর্তা (লেজিসলেটিভ )পদে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন;

(খ) Assistant Translation Officer পদে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ উক্ত পদে তাহাদের চাকুরীর মেয়াদ পাঁচ বৎসর পূর্ণ করিয়া থাকিলে, এই বিধিমালার অধীন অনুবাদ কর্মকর্তা (লেজিসলেটিভ )পদে পদোন্নতির যোগ্য হইবেন; এবং

(গ) Translator পদে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি উক্ত পদে তাহার চাকুরীর মেয়াদ তিন বৎসর পূর্ণ করিয়া থাকিলে এই বিধিমালার অধীন Assistant Translation Officer পদে পদোন্নতির যোগ্য হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, Assistant Translation Officer পদে কর্মরত কর্মকর্তাগণের আইন বিষয়ে স্নাতক ডিগ্রী থাকিলে, তাহাদের ক্ষেত্রে অনুবাদ কর্মকর্তা (লেজিসলেটিভ) পদে পদোন্নতির জন্য আবশ্যক চাকুরীর মেয়াদ এক বৎসর শিথিলযোগ্য হইবে।

৯। **বিলোপ**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার সাথে সাথে The Officers and Staff (Ministry of Law and Justice) Recruitment Rules, 1985 এর SCHEDULE এ

(ক) কলাম 1-এ ক্রমিক নং 1 ও 1A এর তৎ সম্পর্কিত কলাম 2, 3, 4 ও 5-এ উল্লিখিত, যথাক্রমে Senior Translation Officer এবং Translation Officer পদে নিয়োগ সংক্রান্ত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(খ) কলাম 1-এ ক্রমিক নং 2 এ উল্লিখিত Assistant Translation Officer পদে নিয়োগপ্রাপ্ত সর্বশেষ কর্মকর্তা যে মুহূর্তে অনুবাদ কর্মকর্তা (লেজিসলেটিভ) পদে পদোন্নতিপ্রাপ্ত হইবেন, সেই মুহূর্তে উক্ত Assistant Translation Officer পদে নিয়োগ সংক্রান্ত কলাম 2, 3, 4 ও 5 এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত বলিয়া গণ্য হইবে; এবং

(গ) কলাম 1-এ ক্রমিক নং 6 এ উল্লিখিত Translator পদে নিয়োগপ্রাপ্ত সর্বশেষ কর্মকর্তা যে মুহূর্তে Assistant Translation Officer পদে পদোন্নতিপ্রাপ্ত হইবেন, সেই মুহূর্তে উক্ত Translator পদে নিয়োগ সংক্রান্ত কলাম 2, 3, 4 ও 5 এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত বলিয়া গণ্য হইবে।

তফসিল
[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা | জাতীয় বেতন স্কেল, ২০০৫ অনুযায়ী বেতনক্রম |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (১) | প্রধান অনুবাদ কর্মকর্তা (লেজিসলেটিভ) | .. | উপ-প্রধান অনুবাদ কর্মকর্তা পদ হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া পর্যন্ত প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি** ঃ উপ-প্রধান অনুবাদ কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ সর্বমোট চাকুরীর মেয়াদকাল অন্যূন ২০ বৎসর হইতে হইবে।<br>**প্রেষণ** ঃ প্রধান অনুবাদ কর্মকর্তা পদে পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া পযন্ত যুগ্ম-সচিব (ড্রাফটিং) পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে। | ১৬,৮০০—৬৫০×৬—২০,৭০০ |
| (২) | উপ-প্রধান অনুবাদ কর্মকর্তা (লেজিসলেটিভ) | .. | সিনিয়র অনুবাদ কর্মকর্তা পদ হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া পর্যন্ত প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি** ঃ সিনিয়র অনুবাদ কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**প্রেষণ** ঃ উপ-প্রধান অনুবাদ কর্মকর্তা পদে পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া পর্যন্ত উপ-সচিব (ড্রাফটিং) পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে। | ১৩,৭৫০—৫৫০×১০—১৯,২৫০ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| (৩) | সিনিয়র অনুবাদ কর্মকর্তা (লেজিসলেটিভ) | .. | অনুবাদ কর্মকর্তা পদ হইতে পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া পর্যন্ত প্রেষণে নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি** ঃ অনুবাদ কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**প্রেষণ** ঃ সিনিয়র অনুবাদ কর্মকর্তা পদে পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া পর্যন্ত সিনিয়র সহকারী সচিব (ড্রাফটিং) পর্যায়ের কর্মকর্তাগণের মধ্য হইতে। | ১১,০০০–৪৭৫×১৪–১৭,৬৫০ |
| (৪) | অনুবাদ কর্মকর্তা (লেজিসলেটিভ) | অনূর্ধ্ব ৩০ বৎসর | **সরাসরি নিয়োগঃ** ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে<br>এবং<br>**পদোন্নতির মাধ্যমে নিয়োগঃ** ৪০% পদ Assistant Translation Officer পদ হইতে পদোন্নতির মাধ্যমেঃ<br>তবে শর্ত থাকে যে, Assistant Translation Officer পদে কোন কর্মকর্তা কর্মরত না থাকিলে ১০০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **সরাসরি নিয়োগ** ঃ (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাংলা বা ইংরেজী বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং আইন বিষয়ে স্নাতক ডিগ্রী;<br>অথবা<br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন ২য় শ্রেণীর (সম্মান)সহ ২য় স্নাতকোত্তর ডিগ্রী।<br>**পদোন্নতি** ঃ Assistant Translation Officer পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। তবে আইনে স্নাতক ডিগ্রীধারীদের ক্ষেত্রে এক বৎসর শিথিলযোগ্য। | ৬,৮০০–৩২৫×৭–৯,০৭৫-ইবি ৩৬৫×১১–১৩,০৯০ |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
|---|---|---|---|---|---|
| (৫) | কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী ঃ তবে বিজ্ঞানে ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে;<br>(খ) ডাটা এন্ট্রি বা কন্ট্রোল অপারেটর কাজে ২(দুই) বৎসরের চাকুরী; এবং<br>(গ) অপারেটর অ্যাপটিচ্যুড পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। | ৪,১০০—২৫০×৭—৫,৮৫০-ইবি ২৭০×১১—৮,৮২০ |
| (৬) | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রী ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত। | ৩,৫০০—২১০×৭—৪,৯৭০-ইবি ২৩০×১১—৭,৫০০ |
| (৭) | এম, এল, এস, এস | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ২,৪০০—১০০×৭—৩,১০০-ইবি ১১০×১১—৪,৩১০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইসরাইল হোসেন**
যুগ্ম-সচিব (চঃ দাঃ)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।